

একাদশে ভর্তির ফল প্রকাশ

জিপিএ ৫ পেয়েও কলেজ পায়নি ৮৫০০ শিক্ষার্থী

২২০টি কলেজ একজন শিক্ষার্থীও পায়নি

বিশেষ প্রতিনিধি

২৩ জুন, ২০২৪
২১:৩৩

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি/কালের কণ্ঠ

একাদশ শ্রেণীর প্রথম ধাপের ভর্তির ফল প্রকাশ হয়েছে। আজ রবিবার রাত সাড়ে ৮টায় এই ফল প্রকাশ করে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি।

শিক্ষার্থীদের এসএমএসের মাধ্যমে ফল জানানো হয়েছে। এ ছাড়া একাদশে ভর্তির ওয়েবসাইটে গিয়েও ফল জানতে পারছে শিক্ষার্থীরা।

শিক্ষার্থীর মেধা (এসএসসি ও সমমানের ফল), কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে ভর্তির জন্য একটি শিক্ষাপ্রতিষ্ঠানে তার অবস্থান নির্ধারণ করা হয়েছে।

আরও পড়ুন



প্রাথমিকের শিক্ষার্থীরা টিফিনে পাবে দুধ-কলা-ডিম

আন্তঃশিক্ষা বোর্ড সূত্র জানায়, একাদশে ভর্তির জন্য অনলাইনে আবেদন করেছিলো প্রায় ১৩ লাখ ৩৫ হাজার

শিক্ষার্থী। এরমধ্যে পছন্দের কলেজ পেয়েছে প্রায় ১২ লাখ ৮৭ হাজার শিক্ষার্থী। ফলে প্রায় ৪৮ হাজার শিক্ষার্থী প্রথম ধাপে কোনো পছন্দের কলেজ পায়নি।

এরমধ্যে জিপিএ ৫ পাওয়া আট হাজার ৫০০ শিক্ষার্থী রয়েছে। আর একজন শিক্ষার্থীও পায়নি এমন কলেজের সংখ্যা ২২০টি।

কলেজ না পাওয়া শিক্ষার্থীদের কী হবে জানতে চাইলে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার কালের কণ্ঠকে বলেন, ‘এসব শিক্ষার্থীদের আবেদন স্বয়ংক্রিয়ভাবে দ্বিতীয় ধাপে চলে যাবে। এখন শিক্ষার্থীদের অনলাইন আবেদনে গিয়ে পছন্দক্রমে পরিবর্তন আনতে হবে।

আমার পরামর্শ থাকবে, তারা যেন পছন্দক্রমে নতুন কিছু কলেজ যোগ করে। তবে আমাদের আসনের কোনো সংকট নেই। সব শিক্ষার্থীই ভর্তি হতে পারবে।’

আরও পড়ুন



ছুটি কমেছে স্কুল-কলেজে, প্রাথমিক বিদ্যালয় খুলবে কবে?

ঢাকা শিক্ষা বোর্ড সূত্র জানায়, প্রথম ধাপের ফল প্রকাশের পর থেকে ২৯ জুন পর্যন্ত নিশ্চায়ন করতে পারবে শিক্ষার্থীরা। এরপর ৩০ জুন থেকে দ্বিতীয় ধাপে আবেদন শুরু হবে, যা চলবে ২ জুলাই পর্যন্ত।

৪ জুলাই রাত ৮টায় দ্বিতীয় ধাপের ফল প্রকাশ করা হবে। এরপর টানা চারদিন ধরে চলবে দ্বিতীয় ধাপে নির্বাচিতদের নিশ্চায়ন প্রক্রিয়া। ৯ ও ১০ জুলাই তৃতীয় ধাপে আবেদন নেওয়া হবে, যার ফল প্রকাশ করা হবে ১২ জুলাই রাত ৮টায়। তাদের নিশ্চায়ন করতে ১৩ ও ১৪ জুলাই। শিক্ষার্থীদের ভর্তি হতে হবে ১৫ থেকে ২৫ জুলাইয়ের মধ্যে। ক্লাস শুরু হবে ৩০ জুলাই।